



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

পত্র নং- ঢাবো/পনি/১৮১

তারিখ : ১৬.০৪.২০১৭

বিষয় : কারণ দর্শানোর জবাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষা ২০১৭ এর পরীক্ষা সংক্রান্ত অপরাধে আপনার বিরুদ্ধে বিভিন্ন সময়ে বিভিন্ন অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগসমূহ নিম্নে উপস্থাপন করা হলো :

১. কেন্দ্র পরিবর্তনের জন্য ঢাকা শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) জনাব অদ্বৈত কুমার রায় কে ঘুষ প্রদানের অপচেষ্টা। উক্ত বিষয়টি ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এবং প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম, অধ্যক্ষ, লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা এর উপস্থিতিতে স্বীকার করা।
২. এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষা- ২০১৭ এর পরীক্ষা চলাকালীন সময়ে একাধিক দিন অন্য একজন শিক্ষক জনাব প্রদীপ কুমার বাকচী, সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা- কে সাথে নিয়ে লালমাটিয়া পরীক্ষা কেন্দ্রে আগমন।
৩. পরীক্ষার দিন সংশ্লিষ্ট বিষয়ের এক/একাধিক শিক্ষককে পরীক্ষার্থীদের অসদুপায় অবলম্বনে সহযোগিতা করার জন্য লালমাটিয়া মহিলা কলেজ কেন্দ্রের নিকটবর্তী নির্দিষ্ট স্থানে (কুটুমবাড়ী রেষ্টুরেন্ট, মোহাম্মদপুর) প্রেরণ।
৪. ১২.০৪.২০১৭ তারিখ কলেজের উদ্ভিদবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক সিফাত জেসমিন নূর- কে মোহাম্মদপুর থানা থেকে ছাড়িয়ে নিতে বা তাঁর অপরাধ ঢাকতে অন্যান্য শিক্ষকদের নিয়ে থানায় উপস্থিত হয়ে অপচেষ্টা চালানো এবং অপ্রাসঙ্গিক কথা বলা।

উপরিবর্ণিত কাজগুলো আপনার দ্বারা সংঘটিত হওয়ায় আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মো: মাহাবুবুর রহমান

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন: ০২-৯৬১৫২৩৫

প্রফেসর ড. স্বপন কুমার দাস

অধ্যক্ষ, কোডা কলেজ, ধানমন্ডি, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. জেলা প্রশাসক, ঢাকা
৪. সভাপতি, গভর্নিংবডি, কোডা কলেজ, ধানমন্ডি, ঢাকা
৫. অফিস কপি

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা